# ইসলামী ব্যাংকের ভেরিফায়েড ফেসবুক পেজ হ্যাকারদের নিয়ন্ত্রণে




সংগৃহীত ছবি

দেশের অন্যতম শীর্ষ আর্থিক প্রতিষ্ঠান ইসলামী ব্যাংক বাংলাদেশের অফিশিয়াল ভেরিফায়েড ফেসবুক পেজ হ্যাকড হয়েছে। ভোরে পেজের নিয়ন্ত্রণ নিয়ে হ্যাকার গ্রুপ ‘এমএস ৪৭০এক্স’ নিজেদের উপস্থিতি জানান দেয় এবং একাধিক পোস্ট প্রকাশ করে।

দেশের বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান ইসলামী ব্যাংক বাংলাদেশের ভেরিফায়েড ফেসবুক পেজ হ্যাকড হওয়ার ঘটনা ঘটেছে। শুক্রবার (৩ অক্টোবর) ভোর ৫টা ৪২ মিনিটে ব্যাংকের অফিসিয়াল পেজ থেকেই হ্যাকার গ্রুপ বিষয়টি প্রকাশ করে।

পেজ ঘুরে দেখা যায়, নাম অপরিবর্তিত থাকলেও প্রোফাইল ছবি ও কাভার ফটো বদলে হ্যাকার গ্রুপের প্রতীক ব্যবহার করা হয়েছে। হ্যাকার গ্রুপ তাদের এক পোস্টে লিখেছে, “পেজটি এমএস ৪৭০এক্স দ্বারা হ্যাকড করা হয়েছে।”

LENS ASIA

এরপর ধারাবাহিকভাবে একাধিক পোস্ট প্রকাশ করা হয় পেজ থেকে। ব্যাংক কর্তৃপক্ষ এখনো আনুষ্ঠানিকভাবে হ্যাকিংয়ের বিষয়ে কোনো প্রতিক্রিয়া জানায়নি। তবে এ ধরনের ঘটনা প্রতিষ্ঠানটির ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থাপনা নিয়ে প্রশ্ন তুলেছে।